# কিছু সেরা আনইনস্টলার টুল

মোহাম্মদ ইশতিয়াক জাহান

কম্পিউটার ব্যবহারকারীদের অনেকেই প্রচুর সফটওয়্যার বা টুল কম্পিউটারে ইনস্টল করে ব্যবহার করেন। প্রয়োজন শেষে এই সফটওয়্যারগুলো ডিলিট বাটনে প্রেস করে মুছে থাকেন। আবার অনেকেই আছেন কন্ট্রোল প্যানেলের অ্যাড রিমুভ টুলটি ব্যবহার করে সফটওয়্যার, টুল বা বিভিন্ন ধরনের অ্যাপ্লিকেশন আনইনস্টল করে থাকেন। উল্লিখিত দু'টি পদ্ধতির মধ্যে প্রথম পদ্ধতিটি ভুলভাবে ব্যবহার করা হয়ে থাকে। এভাবে ডিলিট না করে দ্বিতীয় পদ্ধতিটি অনুসরণ করে আনইনস্টল করা উচিত। কথাটি ঠিক, তবে সমস্যা হচ্ছে দ্বিতীয় পদ্ধতিটি অবলম্বন করে কোনো সফটওয়্যার বা অ্যাপ্লিকেশন আনইনস্টল বা রিমুভ করা হলে, এসব সফটওয়্যারের কিছু ফোল্ডার ও রেজিস্ট্রি ফাইল কমপিউটারে থেকে যায়। যেহেতু পুরো সফটওয়্যারটি আনইনস্টল করা হয়েছে, তাই এসব ফোল্ডার ও রেজিস্ট্রি ফাইলগুলো জাঙ্ক বা অপ্রয়োজনীয় ফাইল হিসেবে কমপিউটারে থেকে যায়। ফলে কমপিউটারের পারফরম্যান্স খারাপ করে দিতে পারে। এই ফাইলগুলোর মতো কিছু ফাইল অনেক সময় সি-ড্রাইভের প্রোগ্রাম ফোল্ডারের ভেতর দেখতে পাবেন, যার সফটওয়্যারটি আপনি আনইনস্টল করে দিয়েছিলেন। এই ধরনের সমস্যার সমাধান করার জন্য এখানে বেশ কিছু আনইনস্টলার টুল সম্পর্কে আলোচনা করা হয়েছে। এই টুলগুলো ব্যবহার করে কমপিউটার থেকে কোনো সফটওয়্যার বা প্রোগ্রাম বা অ্যাপ্লিকেশন আনইনস্টল করলে তা পুরোপুরি রিমুভ বা আনইনস্টল হবে। ফলে রেজিস্ট্রিতে ফাইল বা কমপিউটারে জাঙ্ক ফাইলও থাকবে না।

***রিভো আনইনস্টলার :*** রিভো আনইনস্টলার টুলটি খুব সহজ ইন্টারফেসে তৈরি করা হয়েছে। এই টুলটি ব্যবহারের ফলে স্বয়ংক্রিয়ভাবে কমপিউটারের যেসব অ্যাপ্লিকেশন রিমুভ বা আনইনস্টল করা যাবে, সেসব অ্যাপ্লিকেশনের একটি লিস্ট তৈরি করবে। এটি ব্যবহার করার ফলে বেশ কিছু সুবিধাও পাবেন। এটি ব্যবহার করে কমপিউটারের টেম্পোরারি ফাইলগুলো মুছে ফেলতে পারবেন। এর সাথে রয়েছে রেজিস্ট্রি এডিট ও গ্রুপ পলিসি সেট করার জন্য ইউজার ফ্রেন্ডলি ইন্টারফেস, যা আপনার এসব কাজকে আরো সহজ করে তুলবে। এই টুলের একটি দারুণ ফিচার হচ্ছে হান্টার মোড, যা ব্যবহার করে কোনো অ্যাপ্লিকেশনের ওপর ড্রাগ অ্যান্ড ড্রপের বুল আই ব্যবহার করে উক্ত অ্যাপ্লিকেশনটি আনইনস্টল করতে পারবেন।

***ইউর আনইনস্টলার :*** রিভো আনইনস্টলারের একটি বিকল্প টুল হিসেবে ইউর আনইনস্টলার দারুণভাবে কাজ করে থাকে। রিভো টুলের মতো এখানে বেশ কিছু ফিচার রয়েছে, কিন্তু র‍্যাঙ্কের দিক থেকে এই টুলের স্কোর একটু বেশি। কারণ, এই টুলে শ্রেডার এবং স্টার্টআপ ম্যানেজার নামে দুটি আলাদা ফিচার রয়েছে। স্টার্টআপ ম্যানেজারের কাজ কী, তা আপনারা বুঝতে পারছেন, কিন্তু শ্রেডার কী তার সম্পর্কে একটু বলা হচ্ছে। এই ফিচারটি ব্যবহার করে আপনি ফাইল বা ফোল্ডারকে নিরাপদে কমপিউটার থকে রিমুভ করে দিতে পারেন, তবে এই ফিচারের মাধ্যমে ডিলিট করা ফাইলকে রিকোভার করার টুল দিয়ে (যেমন : রিকুভা বা ফ্রিআনডিলিট) রিকোভার করতে পারবেন না। তাই আপনার গোপন ফাইল অন্য কেউ রিকোভার করে দেখতে পারবে না।

***লবিট আনইনস্টলার :*** লবিট আনইনস্টলার টুল ব্যবহার করার ফলে এটি দিয়ে যেসব অ্যাপ্লিকেশন আনইনস্টল করা যাবে স্বয়ংক্রিয়ভাবে সেসবের একটি লিস্ট তৈরি করে ফেলে। এতে ফোর্স আনইনস্টল করার একটি বাটন রয়েছে, যা ব্যবহার করে ফোর্সটি সেসব টুলকে আনইনস্টল করতে পারবেন, যা সহজে আনইনস্টল করতে পারেননি। এই টুলের আরেকটি বৈশিষ্ট্য হচ্ছে সফটওয়্যার বা অ্যাপ্লিকেশনের সাইজ, ইজেবিলিটির ওপর ভিত্তি করে আলাদাভাবে অ্যাপ্লিকেশনগুলোকে বিভিন্ন ক্যাটাগরিতে সাজানো যায়। ফলে তা দেখেও অপছন্দের অ্যাপ্লিকেশনগুলোকে আনইনস্টল করতে পারবেন।

***অ্যাডভান্স আনইনস্টলার প্রো :*** বেশ কিছু অ্যাডভান্সড ফিচার নিয়ে এই টুলটি তৈরি করা হয়েছে, যা অন্যদের থেকে একে আলাদা করবে। একটি সফটওয়্যারের ইনস্টলেশনের সময় থেকে তা মনিটর করতে পারবে এবং সফটওয়্যারটি যখন আনইনস্টল করা হবে, তখন উল্লিখিত সফটওয়্যারের কোনো ফুটপ্রিন্ট রাখবে না। এই টুলটি ব্যবহার করে কমপিউটারের স্টার্টআপ মেনু, রেজিস্ট্রি ফাইল ক্লিন বা মুছতে পারবেন।

***ক্লিনস আনইনস্টলার প্রো :*** সফটওয়্যার বা প্রোগ্রাম মুছে ফেলার জন্য এটি বেসিক কিছু ফিচার নিয়ে এসেছে। এতে ফাইল বার্নার নামে একটি ফিচার যুক্ত করা হয়েছে, যা ব্যবহার করে কিছু ফাইল সিডি বা ডিভিডিতে বার্ন করে রাখতে পারবেন। এটি রেজিস্ট্রি ফাইল ব্যাকআপ নিতে পারবে এবং প্রয়োজনে তা রিকোভার বা রিস্টোর করতে পারবেন।

ওপরে ৫টি আনইনস্টল করার টুল সম্পর্কে আলোচনা করা হয়েছে। আপনি গুগলে সার্চ করে অন্য টুলও পেতে পারেন। যেকোনো টুল ব্যবহার করার আগের বিভিন্ন ফোরামে ওই টুলের রেটিং ও র‍্যাঙ্ক দেখে তারপরই ব্যবহার করুন। এতে আপনি টুলের কার্যক্ষমতা সম্পর্কে আগে থেকেই জেনে নিয়ে ব্যবহার করতে পারবেন।

***ফিডব্যাক : rony446@yahoo.com***

Job hunting made easy
with the world's most
Powerful Certification Programs
Largest State of Art Lab in Bangladesh with
14 CISCO Routers and 5 CISCO Switches

CISCOVALLEY®
Network Academy

House # 519/A (3rd floor) East side of BEL Tower
Road # 1, Dhanmondi, Dhaka - 1205
Phone : +88 02 8629362, +880 1672203636
e-mail : info@ciscovalley.com
www.ciscovalley.com

A Mandatory Skill to Step into today's Enterprise Networking

- CCIE - Cisco Certified Internetwork Expert
- CCNP - Cisco Certified Network Professional
- CCNP Security
- CCNA - Cisco Certified Network Associate
- CCNA Security
- RedHat Linux Special Course
- Short Courses on CISCO, Networking Basics etc.

CISCO SYSTEMS
EMPOWERING THE INTERNET GENERATION

Facilities :

- World class learning environment with largest Cisco State-of-Art Lab in Bangladesh
- Managed by experienced and Trained personnel.
- Unbeaten combination of best faculty and best programs
- Pioneer and specialized in Networking Training
- Give you the guarantee of certification